

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

সাভার, ঢাকা-১৩৪৩

[www.bpatc.gov.bd](http://www.bpatc.gov.bd)

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৩তম জন্মবার্ষিক ও জাতীয় শিশু দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায়  
উদযাপন উপলক্ষ্যে আলোচনা অনুষ্ঠান আয়োজন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মোঃ মহসীন আলী এমডিএস (পিএন্ডএস) ও আহবায়ক, আলোচনা অনুষ্ঠান আয়োজন কমিটি
সভার তারিখ	১৫ই মার্চ ২০২৩ (বুধবার)
সভার সময়	সকাল ১০:০০টা
স্থান	এমডিএস (পিএন্ডএস)-এর দাপ্তরিক কক্ষ, আইটিসি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): (ক) জনাব হাসান মূর্তাজা মাসুম, পরিচালক (খ) জনাব মোঃ শরীফ হাছান, পরিচালক (গ) জনাব মোঃ মামুন-অর-রশীদ, গ্রন্থাগারিক (ঘ) জনাব তানজুর আহমেদ জোয়ার্দার, সহকারী প্রোগ্রামার

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৩তম জন্মবার্ষিক ও জাতীয় শিশু দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায়  
উদযাপন উপলক্ষ্যে আলোচনা অনুষ্ঠান আয়োজন সংশ্লিষ্ট কমিটি কর্তৃক আয়োজিত সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ  
জানিয়ে আলোচনা শুরু করা হয়। উপস্থিত সদস্যবৃন্দের মন্তব্য ও ঐকমত্যের প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত
------	-------	--------------------

১	আলোচনা অনুষ্ঠানের সময়, স্থান, প্রতিপাদ্য ও সম্ভাব্য সূচি	<p>আগামী ১৭ই মার্চ ২০২৩ (শুক্রবার) সকাল ১০:০০টায় কেন্দ্রের মিলনায়তনে কেন্দ্রীয়ভাবে গৃহীত কর্মসূচির আওতায় আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হবে। উক্ত অনুষ্ঠানের প্রতিপাদ্য হবে-</p> <p style="text-align: center;"><b>'স্মার্ট বাংলাদেশের স্বপ্নে বঙ্গবন্ধুর জন্মদিন</b></p> <p style="text-align: center;"><b>শিশুদের চোখে সমৃদ্ধির স্বপ্নে রঙিন'</b></p> <p>যা গত ১২ মার্চ ২০২৩ তারিখে রেস্তুর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় নির্ধারিত হয়েছে।</p> <p style="text-align: center;"><b>আলোচনা অনুষ্ঠানের সম্ভাব্য ক্রম হবে নিম্নরূপ</b></p> <p>(ক) কর্মচারী ক্লাবের পক্ষ হতে একজনের বক্তব্য (চার মিনিট);</p> <p>(খ) চলমান বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের (এসএফটিসি) একজন প্রশিক্ষণার্থীর বক্তব্য (পাঁচ মিনিট);</p> <p>(গ) চলমান উচ্চতর প্রশাসন ও উন্নয়ন প্রশিক্ষণ কোর্সের (এসিএডি) একজন প্রশিক্ষণার্থীর বক্তব্য (ছয় মিনিট);</p> <p>(ঘ) চলমান সিনিয়র স্টাফ কোর্সের (এসএসসি) একজন প্রশিক্ষণার্থীর বক্তব্য (সাত মিনিট);</p> <p>(ঙ) অনুষদবর্গের পক্ষে আলোচনা করবেন জনাব মোঃ আতিকুজ্জামান, পরিচালক (আট মিনিট);</p> <p>(চ) প্রধান অতিথির বক্তব্য;</p> <p>(ছ) আলোচনা আয়োজন কমিটি'র আহ্বায়কের বক্তব্য।</p> <p>উল্লেখ্য, স্ব-স্ব কোর্স পরিচালক/কোর্স প্রশাসন তাঁর কোর্সের প্রশিক্ষণার্থী বাছাইপূর্বক সংশ্লিষ্ট কমিটিকে অবহিত করবেন।</p>
২	অনুষ্ঠানের আমন্ত্রণপত্র, ব্যানার/ব্যাকড্রপ	জনাব তানজুর আহমেদ জোয়ার্দার, সহকারী প্রোগ্রামার আলোচনা অনুষ্ঠানের একটি আমন্ত্রণপত্র এবং অনুষ্ঠানস্থলে প্রদর্শনের নিমিত্ত একটি ভারুয়াল ব্যানার/ব্যাকড্রপ প্রস্তুত করবেন।
৩	অনুষ্ঠানের সঞ্চালক	অনুষ্ঠানে সঞ্চালনার দায়িত্ব পালন করবেন জনাব মোঃ মিজানুর রহমান, গবেষণা কর্মকর্তা এবং জনাব মায়মুনা বিনতে মাসুদ, গবেষণা কর্মকর্তা।
৪	অংশগ্রহণ ও উপস্থিতি	আলোচনা অনুষ্ঠানস্থলে (বিশেষ ক্ষেত্র/অন্যান্য অনুমোদিত দাপ্তরিক দায়িত্ব/কর্তব্য ব্যতীত) চলমান সকল কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ, বিপিএটিসি'র সকল অনুষদ/কর্মকর্তা, কর্মচারী উপস্থিত থাকবেন।
৫	মঞ্চসজ্জা ও আসন বিন্যাস সংশ্লিষ্ট কার্যাবলি	অনুষ্ঠানস্থলের মঞ্চসজ্জা, আসন বিন্যাস সংশ্লিষ্ট কার্যাবলির ক্ষেত্রে প্রয়োজনীয় সমন্বয় রক্ষা করবেন জনাব মোঃ মামুন-অর-রশীদ, গ্রন্থাগারিক, বিপিএটিসি।
৬	নির্ধারিত আলোচকগণের সাথে যোগাযোগ	অনুষ্ঠানের সঞ্চালক ও নির্ধারিত আলোচকগণের সাথে যোগাযোগের ক্ষেত্রে সমন্বয় করবেন জনাব শামীম আদনান, উপপরিচালক, বিপিএটিসি।

৭	প্রশাসন বিভাগের সাথে প্রয়োজনীয় সমন্বয়	অনুষ্ঠানে অংশগ্রহণ বাধ্যতামূলক বিধায় এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অবহিত করতে হবে। এক্ষেত্রে, জনাব রাফিয়া ইসলাম, গবেষণা কর্মকর্তা কেন্দ্রের প্রশাসন বিভাগের সাথে প্রয়োজনীয় সমন্বয়/যোগাযোগ নিশ্চিত করবেন।
৮	আপ্যায়ন	আলোচনা অনুষ্ঠান শেষে আমন্ত্রিত অতিথি, কেন্দ্রের অংশগ্রহণকারী অনুষদ/কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দের জন্য চা-নাস্তার আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সেবা শাখার সহযোগিতা প্রত্যাশা করা হয় এবং এতদসংশ্লিষ্ট ব্যয় নির্বাহের লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে অনুমোদিত অর্থ আলোচনা অনুষ্ঠান আয়োজন কমিটির সদস্য সচিব বরাবর প্রেরণের অনুরোধ জানানো হয়।  উল্লেখ্য, কেন্দ্রে চলমান কোর্সের প্রশিক্ষণার্থীগণ কোর্সের ব্যবস্থাপনায় নিজ নিজ ক্যাফেটেরিয়ায় আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করবেন।

০২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মোঃ মহসীন আলী

এমডিএস (পিএন্ডএস) ও আহবায়ক, আলোচনা  
অনুষ্ঠান আয়োজন কমিটি


স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.০৯৪.২৩.০০১.২২.১৩

তারিখ: ১ চৈত্র ১৪২৯

১৫ মার্চ ২০২৩

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজ্য ক্ষেত্রে কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১) অনুষদ সদস্য (সকল), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা।
- ২) কোর্স পরিচালক, চলমান এসএফটিসি, এসিএডি এবং এসএসসি, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা।
- ৩) রেক্টর-এর একান্ত সচিব, রেক্টর এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৪) জনাব-----।



শামীম আদনান

উপপরিচালক ও সদস্য সচিব, আলোচনা  
অনুষ্ঠান আয়োজন কমিটি